



রাজস্বের প্রবৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

টেকসই সমৃদ্ধি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)  
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭, উত্তরা, ঢাকা-১২৩০।  
ওয়েবসাইট: [www.dknvat.gov.bd](http://www.dknvat.gov.bd)

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(২৭৫)/সারাজ ফাইবার/অব্যাহতি/২০১৯/

তারিখ: / / ২০২১ খ্রিঃ।

বিষয়: মূসক অব্যাহতি সংশোধনী আদেশ প্রসঙ্গে।

সূত্র: ১। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ২৯/০৬/২০২১ খ্রি: তারিখের আবেদন।

২। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৫৩.০৪.০১৩.২০.৭৫৪৩ তারিখ: ০৫/১১/২০২০ খ্রি: তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। সারাজ ফাইবার টেক লিঃ, মেদুয়ারী, ভালুকা, ময়মনসিংহ (মূসক নিবন্ধন নম্বর-০০০৯০৮৩৬৮-০১০৪) নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে এ দপ্তরের পত্র নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(২৭৫)/সারাজ ফাইবার/অব্যাহতি/২০১৯/২২৭৬ (০৮), তারিখ: ২২/০৬/২০২১ খ্রি: এর মাধ্যমে ইস্যুকৃত অব্যাহতি আদেশের অনুচ্ছেদ-০৪ (ঙ) এর জুন/২০২১ এর পরিবর্তে মার্চ/২০২০ থেকে কার্যকর চেয়ে সংশোধনী অব্যাহতি আদেশ ইস্যু করার জন্য সূত্রোক্ত ১ নং পত্রের মাধ্যম এ দপ্তরে আবেদন করেন।

৩। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উক্ত আবেদনে উল্লেখ করেন যে, মার্চ, ২০২০ খ্রিঃ সময়ে ভারী বর্ষণ ও বজ্রপাতের কারণে পূর্বের REB মিটার নং-১৬৭৯২০২৭ পুড়ে যাওয়ায় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ২০/০৩/২০২০ খ্রিঃ তারিখে REB কে অনুরোধ করায় নতুন মিটার নং- ১৭৩৯৯৭৮০ স্থাপন করেন। পরবর্তীতে REB কর্তৃক প্রতিষ্ঠানকে ০৫/১১/২০২০ খ্রি: তারিখে পরিবর্তিত মিটার নং- ১৭৩৯৯৭৮০ এর বিপরীতে মূসক অব্যাহতির অনুমোদন প্রয়োজন মর্মে অবহিত করেন।

৪। তৎপ্রেক্ষিতে এ দপ্তরের পত্র নথি নং- ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(২৭৫)/সারাজ ফাইবার/অব্যাহতি/২০১৯/৩২৫৭ (০৫), তারিখ: ৩১/০৮/২০২১ খ্রি: এর মাধ্যমে একটি যাচাই-বাছাই কমিটি গঠন করা হয়। উক্ত গঠিত কমিটি দাখিলকৃত সকল দলিলাদি যাচাই-বাছাই এবং সরেজমিনে পরিদর্শনপূর্বক মতামত প্রদান করেন যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদন মোতাবেক প্রতিষ্ঠানে ব্যবহৃত বিদ্যুৎ সংযোগ মিটার নং-১৭৩৯৯৭৮০; গ্রাহক সংকেত নং-০২-৩০০-৮৩৫০ এর বিপরীতে মূসক অব্যাহতি প্রদানযোগ্য।

৫। এমতাবস্থায়, এ দপ্তরের পত্র নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(২৭৫)/সারাজ ফাইবার/অব্যাহতি/২০১৯/২২৭৬ (০৮), তারিখ: ২২/০৬/২০২১ খ্রি: এর মাধ্যমে ইস্যুকৃত অব্যাহতি আদেশের অনুচ্ছেদ-০৪ (ঙ) এর জুন/২০২১ এর পরিবর্তে মার্চ/২০২০ কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-

ফারজানা আফরোজ  
কমিশনার

ফোন: ০২-৪৮৯৫৮১১৫

ই-মেইল: [commdkn@gmail.com](mailto:commdkn@gmail.com)

নথি নং-ঢাকা উত্তর/মূসক-বাস্তঃ(২৭৫)/সারাজ ফাইবার/অব্যাহতি/২০১৯/

৫৮৯ (৮)

তারিখ: ২০/০৭/২০২১ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।

২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ময়মনসিংহ বিভাগ। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ২০/মূসক/২০১৯, তারিখ-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো।